# বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড

২ অরফ্যানেজ রোড, বখশি বাজার, ঢাকা-১২১১

Website: www.bmeb.gov.bd


নং- ৫৭.১৬.০০০০.০০৯.১১.০০১.২০-১৩৮১

তারিখ: ২৮ কার্তিক, ১৪৩২ / ১৩ নভেম্বর, ২০২৫

## নিয়োগ বিজ্ঞপ্তি

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ডে ড্রাইভার পদে সরাসরি নিয়োগের নিমিত্ত প্যানেল প্রস্তুতির জন্য প্রকৃত বাংলাদেশি নাগরিকদের নিকট হতে নির্ধারিত সময়ের মধ্যে নিম্নস্বাক্ষরকারী বরাবর **স্ব-হস্তে** পূরণকৃত আবেদনপত্র আহ্বান করা যাচ্ছে।

| পদের নাম ও বেতনস্কেল (জাতীয় বেতনস্কেল, ২০১৫ অনুযায়ী) | পদ সংখ্যা | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা |
|---|---|---|
| ড্রাইভার (গ্রেড-১৬)<br>(৯,৩০০-২২,৪৯০/-) | ০৩ (তিন) | ক) স্বীকৃত কোনো প্রতিষ্ঠান হতে অষ্টম শ্রেণি বা স্বীকৃত কোনো বোর্ড হতে জুনিয়র স্কুল সার্টিফিকেট বা সমমান পরীক্ষায় উত্তীর্ণ।<br>(খ) গাড়ি চালনায় ০২ (দুই) বছরের অভিজ্ঞতা।<br>(গ) বাংলাদেশ সড়ক পরিবহণ কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত বৈধ ড্রাইভিং লাইসেন্স। |

**নিয়োগ সংক্রান্ত শর্তাবলি:**

০১. নিয়োগের ক্ষেত্রে সরকারের প্রচলিত বিধি-বিধান, কোটা পদ্ধতি এবং এ সংক্রান্ত সর্বশেষ সংশোধনী অনুসরণ করা হবে।

০২. সকল প্রার্থীর ক্ষেত্রে ০১/১১/২০২৫ তারিখে বয়স ১৮ (আঠারো) হতে ৩২(বত্রিশ) বছর হতে হবে এবং বয়স প্রমাণের ক্ষেত্রে কোনো এফিডেভিট গ্রহণযোগ্য হবে না।

০৩. ড্রাইভিং লাইসেন্স: লাইট/মিডিয়াম/হেভী লাইসেন্সধারী প্রার্থীগণ আবেদন করার যোগ্য। হেভী লাইসেন্সধারী প্রার্থীগণের জন্য অতিরিক্ত সুবিধা প্রদান করা হবে না। মেয়াদ উত্তীর্ণ লাইসেন্স গ্রহণযোগ্য নয়।

০৪. এক জেলার বাসিন্দা অন্য জেলার বাসিন্দা হিসেবে আবেদন করতে পারবেন না।

০৫. বিবাহিত মহিলা প্রার্থীদের ক্ষেত্রে স্থায়ী ঠিকানা হিসেবে স্বামীর স্থায়ী ঠিকানা ব্যবহার করতে হবে।

০৬. যদি কোনো প্রার্থী বাংলাদেশের নাগরিক না হন কিংবা বাংলাদেশের নাগরিক নন এমন কোনো ব্যক্তিকে বিয়ে করেন বা করার জন্য প্রতিশ্রুতিবদ্ধ হন কিংবা কোনো ফৌজদারী আদালত কর্তৃক নৈতিক স্খলনজনিত অভিযোগে দন্ডিত হন কিংবা কোনো সরকারি বা স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠান বা স্থানীয় কর্তৃপক্ষের চাকরি হতে বরখাস্ত হয়ে থাকেন তবে তিনি আবেদন করার জন্য যোগ্য বিবেচিত হবেন না।

০৭. সরকারি, আধা সরকারি ও স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানে কর্মরত প্রার্থীদের যথাযথ কর্তৃপক্ষের অনুমতিক্রমে আবেদন করতে হবে। সকল চাকুরিরত প্রার্থীকে মৌখিক পরীক্ষার সময় নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত অনাপত্তি পত্রের মূল কপি জমা দিতে হবে। এক্ষেত্রে কোনো অগ্রিম কপি গ্রহণ করা হবে না।

০৮. প্রার্থী কর্তৃক প্রদত্ত কোনো তথ্য বা দাখিলকৃত কাগজপত্র জাল, মিথ্যা বা ভুয়া প্রমাণিত হলে কিংবা পরীক্ষায় নকল বা অসদুপায় অবলম্বন করলে সংশ্লিষ্ট প্রার্থীর প্রার্থীতা বাতিল করা হবে এবং তার বিরুদ্ধে যথাযথ আইনগত ব্যবস্থা গ্রহণ করা হবে। ভুল তথ্য/জাল কাগজপত্র প্রদর্শিত হলে পরীক্ষায় উত্তীর্ণ যে কোনো প্রার্থীর প্রার্থীতা বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

০৯. আবেদনপত্র গ্রহণ ও পরীক্ষা ফি জমা দেওয়ার শুরুর তারিখ ও সময়: ১৪/১১/২০২৫ তারিখ সকাল ১০:০০ ঘটিকা।

১০. আবেদনপত্র জমা দেওয়ার শেষ তারিখ ও সময়: ৩০/১১/২০২৫ তারিখ বিকাল ৫:০০ ঘটিকা।

১১. প্রার্থী মুক্তিযোদ্ধা, শহীদ মুক্তিযোদ্ধা ও বীরাঙ্গনার সন্তান/ক্ষুদ্র নৃ-গোষ্ঠী/শারীরিক প্রতিবন্ধী/তৃতীয় লিঙ্গের হলে আবেদনপত্রে স্পষ্টভাবে উল্লেখ করতে হবে।

১২. বর্ণিত পদে নিয়োগে প্রার্থী নির্বাচনের ক্ষেত্রে বাংলা, ইংরেজি, সাধারণ জ্ঞান, ট্রাফিক রুলস ও মোটরযান সংক্রান্ত বিষয়ে ৭০ (সত্তর) নম্বরের লিখিত পরীক্ষা, ২০ (বিশ) নম্বরের ব্যবহারিক পরীক্ষা এবং ১০(দশ) নম্বরের মৌখিক পরীক্ষা গ্রহণ করা হবে।

১৩. লিখিত, ব্যবহারিক ও মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোনো প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

১৪. আবেদনপত্রের সাথে মৌখিক পরীক্ষার সময় নিম্নলিখিত কাগজপত্রের মূলকপি প্রদর্শনপূর্বক প্রতিটির ০১(এক) টি করে সত্যায়িত (প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক) ফটোকপি দাখিল করতে হবে:

(ক) স্ব-হস্তে পূরণকৃত আবেদনপত্র;
(খ) ০২(দুই) কপি পার্সপোট সাইজের রঙিন ছবি:
(গ) শিক্ষাগত যোগ্যতা সম্পর্কিত মূল/সাময়িক সনদপত্রের কপি;
(ঘ) জাতীয় পরিচয়পত্র/জন্ম সনদের কপি (প্রযোজ্য ক্ষেত্রে);
(ঙ) ড্রাইভিং লাইসেন্স এর কপি;
(চ) অভিজ্ঞতা সনদের কপি;
(ছ) সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভার মেয়র/সিটি কর্পোরেশনের ওয়ার্ড কাউন্সিলর কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদ;
(জ) রেজিস্ট্রার, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড বরাবর ৫০০/- টাকার ব্যাংক ড্রাফট;
(ঝ) সরকারি বা আধা-সরকারি ও স্বায়ত্বশাসিত সংস্থায় কর্মরতদের ক্ষেত্রে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হলে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের এনওসি/প্রত্যয়নপত্র;
(ঞ) মুক্তিযোদ্ধা, শহীদ মুক্তিযোদ্ধা ও বীরাঙ্গনার সন্তানদের ক্ষেত্রে প্রমাণক হিসেবে সরকারের সর্বশেষ নির্দেশনা মোতাবেক উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদ। ক্ষুদ্র নৃ-গোষ্ঠী/শারীরিক প্রতিবন্ধী/তৃতীয় লিঙ্গের প্রার্থীদের ক্ষেত্রে সরকারের সর্বশেষ জারিকৃত পরিপত্রদ অনুযায়ী উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদ।

১৫. অসম্পূর্ণ ও ত্রুটিপূর্ণ আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে।

১৬. যে কোনো তদবির প্রার্থীর অযোগ্যতা বলে বিবেচিত হবে। কোনো প্রার্থী তথ্য গোপন করে চাকরি গ্রহণ করলে নিয়োগপত্র বাতিলসহ তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

১৭. আবেদনকারীর নাম, পিতার নাম, মাতার নাম, জন্ম তারিখ ও নিজ জেলাসহ অন্যান্য সকল তথ্য সংশ্লিষ্ট সনদে যেভাবে লেখা রয়েছে আবেদন ফরমে এবং পরবর্তীতে সেভাবে লিখতে হবে।

১৮. নিয়োগকারী কর্তৃপক্ষ বিজ্ঞপ্তিতে উল্লিখিত পদের সংখ্যা হ্রাস/বৃদ্ধি, যে কোনো শর্ত বা অনুচ্ছেদ সংশোধন/সংযোজন/পরিবর্তন/পরিমার্জন এবং যে কোনো পর্যায়ে নিয়োগ প্রক্রিয়া স্থগিত/বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।

১৯. নিয়োগের বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

২০. নিয়োগ বিজ্ঞপ্তি সংক্রান্ত অন্যান্য শর্ত ও আবেদনের নিয়মাবলি বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ডের ওয়েব সাইট http://www.bmeb.gov.bd এ পাওয়া যাবে।

১৩.১১.২৫

প্রফেসর ছালেহ আহমাদ
রেজিস্ট্রার
বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড